

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.১৮-১০৩৫

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭
০৫ অক্টোবর ২০২০

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ

সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০২০-২১ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৮০০) 'কোভিড-১৯ মোকাবেলা' উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে এককালীন অর্থ অবমুক্তি।

সিটি কর্পোরেশনসমূহ অধিক্ষেত্রে শুধুমাত্র বিনামূল্যে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী (মাস্ক, সাবন, হ্যান্ড স্যানিটাইজার) বিতরণের জন্য চলতি ২০২০-২১ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাত (কোড নং-২২১০০০৮০০) এর অধীনে 'কোভিড-১৯ মোকাবেলা' উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে এককালীন নিম্নবর্ণিত অর্থ অবমুক্তিতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্রমিক	সিটি কর্পোরেশনের নাম	'কোভিড-১৯ মোকাবেলা' উপ-খাত
১.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	১.৭৫ কোটি টাকা
২.	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	১.৭৫ কোটি টাকা
৩.	চট্টগ্রাম সিটি কর্পোরেশন	১.৫০ কোটি টাকা
৪.	গাজীপুর সিটি কর্পোরেশন	১.০০ কোটি টাকা
৫.	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন	১.০০ কোটি টাকা
৬.	কুমিল্লা সিটি কর্পোরেশন	১.০০ কোটি টাকা
৭.	খুলনা সিটি কর্পোরেশন	০.৭৫ কোটি টাকা
৮.	রাজশাহী সিটি কর্পোরেশন	০.৭৫ কোটি টাকা
৯.	বরিশাল সিটি কর্পোরেশন	০.৭৫ কোটি টাকা
১০.	সিলেট সিটি কর্পোরেশন	০.৭৫ কোটি টাকা
১১.	রংপুর সিটি কর্পোরেশন	০.৭৫ কোটি টাকা
১২.	ময়মনসিংহ সিটি কর্পোরেশন	০.৭৫ কোটি টাকা
মোট		১২.৫০ কোটি টাকা

২। এ ব্যয় চলতি ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৮০০ 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ৩১ আগস্ট ২০২০ তারিখের ০৭.১১১.০১৪.০১.০০৩.২০১১-৩০৬ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

- (১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে;
- (৩) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- (৪) পরবর্তী কিস্তির অর্থছাড়ের পূর্বে বর্তমানে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এ ব্যয় করা যাবে না। অত্র মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫


ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০২.১৮-১০৩৫/১(২০)

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭
০৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃ. আ. সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১ শাখা)
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
৫. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. উপসচিব (পরিকল্পনা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় মেয়র এর একান্ত সচিব, ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ/ রাজশাহী/ খুলনা/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ ঢাকা উত্তর/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/নারায়ণগঞ্জ/ রংপুর/ কুমিল্লা/ গাজীপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
১২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।



আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব